# বার্ষিক প্রতিবেদন

২০১৬-২০১৭

# ANNUAL REPORT
2016-2017

Since 1972

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

TRADING CORPORATION OF BANGLADESH

# বার্ষিক প্রতিবেদন

২০১৬-২০১৭

Since 1972

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
টিসিবি ভবন, ১, কারওয়ান বাজার,
ঢাকা -১২১৫, বাংলাদেশ।


ফোন (পিএবিএক্স) ৮১৮০০৬৯-৭১
ফ্যাক্সঃ ৮১৮০০৫৭, ইমেইলঃ tcb@tcb.gov.bd
Website: www.tcb.gov.bd

# সূচি



| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | মুখবন্ধ | ৩ |
| ২. | পটভূমি | ৪-৬ |
| ৩. | পরিচালনা পর্ষদ | ৭ |
| ৪. | টিসিবি'র অনুমোদিত জনবল অবকাঠামো-২৭৫ | ৮-১০ |
| ৫. | প্রকৌশল শাখা | ১১ |
| ৬. | আমদানি শাখা | ১২ |
| ৭. | রপ্তানি শাখা | ১৩-১৫ |
| ৮. | বাজার দর অনুসন্ধান ও গবেষণা | ১৩-১৫ |
| ৯. | খালাস, পরিবহণ, গুদামজাতকরণ | ১৫-১৬ |
| ১০. | বিক্রয় ও বিতরণ | ১৬ |
| ১১. | অর্থ ও হিসাব | ১৬ |
| ১২. | ২০১৬-১৭ অর্থ বছরের ব্যালেন্সশীট ও আয় ব্যয় হিসাব (প্রভিশনাল) | ১৭-১৮ |
| ১৩. | গত ৫ বছরের আর্থিক অবস্থান | ১৯ |
| ১৪. | অডিট আপত্তি | ১৯ |
| ১৫. | ২০১৬-২০১৭ অর্থ বছরের ব্যালেন্সশীট (অডিটকৃত) | ২০ |
| ১৬. | ২০১৬-২০১৭ অর্থ বছরের আয় ও ব্যয়ের বিবরণ (অডিটকৃত) | ২১ |

# মুখবন্ধ



ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ(টিসিবি) জনগণের নিকট অত্যন্ত সুপরিচিত একটি নাম। জন্মলগ্ন থেকেই ইহা আপদকালীন সময়ে জনগণকে মূল্যবান সেবা দিয়ে আসছে। স্বাধীনতার অব্যবহিত পর মানুষের তাৎক্ষণিক চাহিদা মেটানোর উদ্দেশ্যে টিসিবি প্রচুর পরিমাণ নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী আমদানি করে। তাছাড়া ক্ষুদ্র শিল্পের জন্যও টিসিবি কাঁচামাল আমদানি করে। আমি আনন্দের সাথে উল্লেখ করছি বর্তমানে বাংলাদেশের একক বৃহত্তম রপ্তানি পণ্য 'তৈরী পোষাক' রপ্তানির পথিকৃৎ হলো টিসিবি।

একথা অনস্বীকার্য যে, বর্তমানে বিশ্বায়ন ও মুক্তবাজার অর্থনীতির প্রেক্ষাপটে সরকারি খাতের ভূমিকা বহুলাংশে হ্রাস পেয়েছে। ফলশ্রুতিতে টিসিবি'র আমদানি ও রপ্তানি সীমিত হয়ে পড়েছে। তবুও ভোক্তাদের স্বার্থ রক্ষার ক্ষেত্রে টিসিবি'র করণীয় রয়েছে।

২০১৬-২০১৭ অর্থ বছরে টিসিবি'র আমদানি কয়েকটি নির্দিষ্ট পণ্যে সীমাবদ্ধ ছিল। এতদসত্ত্বেও বর্ণিত অর্থ বছরে টিসিবি দেশের বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য স্থিতিশীল রাখতে যথেষ্ট ভূমিকা পালন করেছে। এ সাফল্য অর্জন বর্তমান গণতান্ত্রিক সরকারের প্রত্যক্ষ সহযোগিতার কারণেই সম্ভব হয়েছে।

সংস্থার সর্বাঙ্গীন সাফল্যের জন্য আমরা আমাদের সকল ক্রেতা, ডিলার এবং ব্যবসার সাথে সম্পৃক্ত সবাইকে ধন্যবাদ জানাই। টিসিবি'র যে সকল কর্মকর্তা/কর্মচারী এ প্রতিবেদন তৈরি ও প্রকাশনার কাজে সহায়তা করেছেন তাঁদেরকে জানাই আন্তরিক ধন্যবাদ।

ব্রিগেডিয়ার জেনারেল আবু সালেহ্ মোঃ গোলাম আম্বিয়া, পিবিজিএম
এনডিসি, এএফডব্লিওসি, পিএসসি
চেয়ারম্যান

# ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)

পটভূমিঃ

১৯৭২ সনে রাষ্ট্রপতির আদেশ নং-৬৮/১৯৭২ এর মাধ্যমে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) প্রতিষ্ঠিত হয়। স্বাধীনতার অব্যবহিত পর হতে মানুষের দৈনন্দিন চাহিদা মেটানোর উদ্দেশ্যে টিসিবি প্রচুর পরিমান নিত্য প্রয়োজনীয় বিভিন্ন পণ্য সামগ্রী এবং শিল্প প্রতিষ্ঠানের জন্য নানাবিধ শিল্প কাঁচামাল আমদানি করে। রপ্তানির ক্ষেত্রেও টিসিবি উল্লেখযোগ্য ভূমিকা রাখে। ১৯৭৫ সনে বাংলাদেশ থেকে তৈরী পোষাক বিদেশে রপ্তানির ক্ষেত্রে টিসিবি পথিকৃতের ভূমিকা পালন করে। প্রচলিত ও অপ্রচলিত বহু সামগ্রী টিসিবি'র মাধ্যমে রপ্তানি করা হয়। সরকারী সিদ্ধান্ত মোতাবেক বাজার তথ্য অধিদপ্তর (Directorate General of Prices and Market Intelligence (DGPMI) ৩১-১২-১৯৮৯ তারিখ থেকে বিলুপ্ত করে উক্ত অধিদপ্তরের মূল্য ও বাজার তথ্য মনিটরিং সংক্রান্ত কার্যক্রম সরকারী প্রজ্ঞাপন বলে টিসিবি'র উপর অর্পিত হয়। সরকারী নির্দেশের আলোকে টিসিবি উক্ত দায়িত্ব যথাযথভাবে পালন করে আসছে এবং প্রতিদিনই টিসিবি'র ওয়েব সাইটে তা' সকলের জন্য নিয়মিত প্রদর্শন করছে। রাষ্ট্রপতির আদেশের আলোকে টিসিবি নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করেঃ

(ক) সময় সময় সরকারের নীতিমালা অনুসারে সকল দেশ থেকে কিংবা সকল দেশে মালামাল, পণ্যদ্রব্য, সামগ্রী আমদানি এবং রপ্তানির ব্যবসা পরিচালনা করা;

[সময় সময় সরকারের নির্দেশনা অনুসারে জরুরী পণ্যদ্রব্যের পর্যাপ্ত বাফার স্টক গড়ে তোলা এবং মজুদ রাখা]

(খ) ইহা দ্বারা [এবং স্থানীয়ভাবে ক্রয় করা] আমদানিকৃত মালামাল, পণ্যদ্রব্য, উপাদান সামগ্রী বিক্রয় এবং বিতরণের ব্যবস্থা করা এবং এই ব্যাপারে সময় সময় সরকারি নির্দেশনার অধীনে এই উদ্দেশ্যে ডিলার/এজেন্ট নিয়োগ করা এবং অন্য কোন কিছু করা; এবং

(গ) এই দফার সাথে সম্পর্কিত অন্যান্য কাজ কর্ম করা এবং এই দফায় উল্লিখিত বিষয়ের সহায়ক কোন কাজ কর্ম করা।

এছাড়াও বাজারে পণ্য দ্রব্যের মূল্য স্থিতিশীল রাখতে টিসিবি'র গুরুত্ব অপরিসীম। তাই দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে জনগণের স্বার্থেই টিসিবি'র ন্যায় একটি রাষ্ট্রীয় বাণিজ্যিক সংস্থা কার্যকর থাকা একান্ত আবশ্যক। সে গুরুত্ব অনুধাবন করেই বর্তমান গণতান্ত্রিক সরকার ক্ষমতায় আসার পরপরই টিসিবিকে সক্রিয় ও শক্তিশালী করার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে।

## ২। টিসিবিকে শক্তিশালীকরণের বিষয়ে গৃহীত পদক্ষেপঃ

দেশের জনসংখ্যা বৃদ্ধির বিপরীতে ফসলের উৎপাদনের ক্রমহ্রাসমান পরিস্থিতি, জলবায়ু পরিবর্তনের চরম বাস্তবতার কারণে সারা বিশ্বের ফসলের উৎপাদনে ঘাটতি দেখা দিয়েছে। এছাড়া সাম্প্রতিক সময়ে আন্তর্জাতিক বাজারে খাদ্য দ্রব্যের মূল্য বৃদ্ধির কারণে বাংলাদেশে চিনি ও ভোজ্য তেলসহ নিত্যপ্রয়োজনীয় কয়েকটি পণ্যের মূল্য বৃদ্ধি পেয়েছে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে বর্তমান সরকার জনগণের নিকট প্রতিশ্রুতি রক্ষার্থে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) কে শক্তিশালীকরণের জন্য পদক্ষেপ গ্রহণ করেছে। গৃহীত কার্যক্রমের মধ্যে কয়েকটি বিষয়ে ইতোমধ্যে আংশিক সাফল্য অর্জিত হয়েছে। পুরোপুরি সফলতা অর্জনে আর্থিক, প্রশাসনিক ও আইনগত জটিলতা নিরসণকল্পে কার্যক্রম এগিয়ে চলছে। এসব প্রতিবন্ধকতা দূরীকরণ সম্ভব হলে টিসিবি তার দায়িত্ব সফলতার সাথে পালন করতে সক্ষমতা অর্জন করবে। গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপঃ

### ২.১ টিসিবি'র পণ্যের মজুদ ক্ষমতা বৃদ্ধিঃ

পরিকল্পনা অনুযায়ী সংগৃহীত পণ্যের মজুদ রাখতে ইতোমধ্যে গুদামের ধারণক্ষমতা অস্থায়ী ও স্থায়ীভাবে বৃদ্ধির কার্যক্রম নেয়া হয়েছে। পূর্বে টিসিবি'র নিজস্ব গুদামের ধারণক্ষমতা ৯,৫৭০ মেঃ টন ছিল। ২০১৩-২০১৪ অর্থ বছরে চট্টগ্রামে টিসিবি'র নিজস্ব জায়গায় ৮,০০০ মেঃ টন ধারণ ক্ষমতা সম্পন্ন ৪০,০০০ বর্গফুটের একটি গুদাম নির্মাণ করা হয়েছে। ফলে টিসিবি'র নিজস্ব গুদামের বর্তমান মজুদ ক্ষমতা বৃদ্ধি পেয়ে ১৫,০৮০ মেঃ টনে উন্নীত হয়েছে। বর্তমানে রংপুর, রাজশাহী, খুলনা, মৌলভীবাজার, বরিশাল এবং ময়মনসিংহে মাসিক ভাড়ায় সর্বমোট ৩.৬৬ লক্ষ টাকায় সর্বমোট ২৫,৪৫৩ মেঃ টন পণ্য ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম ভাড়া করা হয়েছে। বর্তমানে টিসিবি'র মোট পণ্যের মজুদ ক্ষমতা ২৫,৪৫৩ মেঃ টন। পণ্যের মজুদ ক্ষমতা দুত বৃদ্ধির লক্ষ্যে বিটিএমসি, খাদ্য অধিদপ্তর ও পণপূর্ত বিভাগের গুদাম ভাড়া নেয়া হয়েছে। টিসিবি'র লক্ষ্যমাত্রা পূরণে আরও ৫০(পঞ্চাশ) হাজার মেঃ টন পণ্য মজুদের জন্য গুদাম ভাড়া নেয়া প্রয়োজন। উল্লেখ্য যে, গুদাম ভাড়া বাবদ বাৎসরিক আনুমানিক ১.০০ (এক) কোটি টাকা প্রদান করতে হবে। তবে সমপরিমান পণ্যের মজুদ রাখার জন্য টিসিবি'র জায়গায় গুদাম নির্মাণে প্রায় ৫০.০০(পঞ্চাশ) কোটি টাকার প্রয়োজন হবে। এ জন্য প্রয়োজনীয় তহবিল পাওয়া গেলে অস্থায়ীভাবে গুদামের ধারণ ক্ষমতা বৃদ্ধির পাশাপাশি স্থায়ীভাবে গুদামের ধারণ ক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যাবে।

২.২ আর্থিক ক্ষমতা বৃদ্ধিঃ

টিসিবি'র ২০১৬-২০১৭ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা অনুযায়ী আমদানি ও স্থানীয়ভাবে পণ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল আনুমানিক প্রায় ১৭৫ (একশত পঁচাত্তর) কোটি টাকার। সরকারি গ্যারান্টির বিপরীতে ব্যাংক থেকে ১১%-১২% হার সুদে এলটিআর নিয়ে টিসিবি পণ্য সংগ্রহের কার্যক্রম পরিচালনা করেছে। টিসিবি'র আর্থিক ক্ষমতা বৃদ্ধি এবং ভর্তুকির পরিমাণ কমিয়ে আনার লক্ষ্যে টিসিবিকে ন্যূনতম ২০০ (দুইশত) কোটি টাকা সুদমুক্ত চলতি মূলধন প্রদানের জন্য গত ২১-০৯-২০১৫ খ্রিঃ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। ব্যাংক থেকে এলটিআর গ্রহণের মাধ্যমে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় টিসিবি বিপুল পরিমাণ এলটিআর সুদ প্রদান করেছে এবং নতুন করে এলটিআর সুদের হার বৃদ্ধির কারণে নানাভাবে টিসিবি'র ব্যবসায়িক কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী প্রয়োজনে উন্নয়ন কর্মকান্ড কমিয়ে হলেও খাদ্য আমদানি করা হবে বলে ঘোষণা দিয়েছেন। তাই টিসিবি'র সক্ষমতা বৃদ্ধির জন্য পুনরায় ২০০ কোটি টাকার সুদমুক্ত চলতি মূলধন চাওয়া যেতে পারে।

২.৩ টিসিবি'র জনবল বৃদ্ধিঃ

বর্তমানে টিসিবি'র কর্মরত জনবল ১৯০ জন। প্রেষণে ৬ জন কর্মকর্তাসহ ২৭ জন ১ম শ্রেণির কর্মকর্তা কর্মরত রয়েছে। জনবল বৃদ্ধির জন্য ৩৭৫ জনবল কাঠামোর জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলে সংস্থাপন মন্ত্রণালয় ২৭৫ জনবল কাঠামো অনুমোদন করেছে।

২.৪ পণ্য সংগ্রহের আইনগত জটিলতা দূরীকরণঃ

পণ্য সংগ্রহের জন্য টিসিবিকে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণ করে পণ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে হয়। যদিও জরুরী পরিস্থিতি বিবেচনা করে দ্রুত পণ্য সংগ্রহের জন্য টিসিবি কর্তৃক বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় পণ্য সামগ্রী আমদানি/স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ এর ৬৮(১) ধারার আওতায় পিপিএ-২০০৬ এর ৩২ ধারায় বর্ণিত যে কোন ক্রয় পদ্ধতি প্রয়োগ করে ভোজ্য তেল, চিনি, মশুর ডাল, ছোলা, পেঁয়াজ, গুড়োদুধ, খেজুর ইত্যাদি নিত্য প্রয়োজনীয় পণ্য আমদানি/স্থানীয় বাজার থেকে সংগ্রহের অনুমোদন ২৬-০৫-২০১৪ খ্রিঃ পর্যন্ত ২ (দুই) বছরের জন্য বৃদ্ধি করা হয়। তবে টেন্ডার সিকিউরিটি, পারফরমেন্স সিকিউরিটিসহ অন্যান্য যেসব বিধি রয়েছে যা বাণিজ্যিক প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রমে বাধার সৃষ্টি করে। এছাড়া অন্যান্য কিছু সংশ্লিষ্ট বিধানাবলী যা মেনে ক্রয় করা কঠিন। তাই পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ হতে টিসিবিকে পুরোপুরি অব্যাহতি দেয়া প্রয়োজন।

২.৫ টিসিবি গঠনের অধ্যাদেশ সংশোধনঃ

রাষ্ট্রপতি আদেশ ৬৮/১৯৭২ এর মাধ্যমে টিসিবিকে বাণিজ্যিক প্রতিষ্ঠান হিসেবে গঠন করা হলেও বর্তমান বাস্তবতায় পণ্য মূল্য স্থিতিশীল রাখতে টিসিবি সরকারের পরামর্শে কাজ করছে। তাই প্রয়োজনে ভর্তুকি প্রদান ও বোর্ড অব ডাইরেক্টরসহ কয়েকটি বিষয় সংশোধনের প্রস্তাব করে সংশোধনী আইনের একটি খসড়া বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে আইন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। আইন মন্ত্রণালয় প্রস্তাবিত খসড়া আইনটি অনুমোদনপূর্বক গেজেট প্রকাশ করায় ইতোমধ্যে টিসিবি'র কার্যক্রমে গতিশীলতা এসেছে।

২.৬ ডিলার সংখ্যা বৃদ্ধিঃ

২০০৯ সালের প্রথমার্ধে টিসিবি'র ১৮৭ জন ডিলার ছিল। গত দুই বছরে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যদের সুপারিশক্রমে প্রতিটি উপজেলায় ও সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে ২/৩ জন করে সারা দেশে ডিলার নিয়োগ করা হয়েছে। বর্তমানে টিসিবি'র ডিলার সংখ্যা ২,৮১৬ জন। টিসিবি সরাসরি আমাদানি করতে না পারার কারণে ডিলাররা বাণিজ্যিকভাবে তেমন লাভবান হন না। তাই শুধু আপদকালীন সময়ে পণ্য বিক্রয় না করে সারা বছরই পণ্য বিক্রয় করা প্রয়োজন।

টিসিবিকে শক্তিশালী ও গতিশীল করতে প্রশাসনিক, আর্থিক, আইনী যেসব প্রতিবন্ধকতা রয়েছে তা সংস্কার করা প্রয়োজন। আংশিকভাবে সংশোধন করে সার্বিক লক্ষ্য অর্জন সম্ভব নয়। কারণ প্রতিটি বিষয়ই অঙ্গাঅঙ্গিভাবে জড়িত। সংস্কার কার্যক্রমের নীতিগত সিদ্ধান্ত বাস্তবায়নের উপরই নির্ভর করছে টিসিবি'র সফলতা।

২.৭ ভবিষ্যৎ পরিকল্পনাঃ

২.৭.১ মধ্য মেয়াদীঃ

(ক) আর্থিক ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে টিসিবি ভবনের ১১তম ও ১২তম তলার নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং ৪৫০ আসন বিশিষ্ট নিজস্ব অডিটরিয়ামের সংস্কার কাজ শেষে ভাড়া প্রদান করা হচ্ছে।

(খ) ভবিষ্যতে ১,০০,০০০ (একলক্ষ) মেঃ টন পণ্য ধারণ ক্ষমতার জন্য গুদাম নির্মাণ করার লক্ষমাত্রা রয়েছে।

### ২.৭.২ দীর্ঘ মেয়াদীঃ

(ক) চট্টগ্রামে ১টি তেল রিফাইনারী ও ১টি কোল্ড স্টোরেজ নির্মাণের পরিকল্পনা রয়েছে।
(খ) ২৩০, তেজগাঁও শিল্প এলাকায় মাল্টিস্টোরেজ ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে।
(গ) টিসিবি কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক সমস্যা সমাধানের লক্ষ্যে উত্তরা আবাসিক কমপ্লেক্স নির্মাণের পরিকল্পনা রয়েছে।
(ঘ) সক্ষমতা বৃদ্ধির জন্য টিসিবি'র কর্মকর্তা/কর্মচারীদের দেশে এবং বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করণের পরিকল্পনা রয়েছে।
(ঙ) বরিশাল, সিলেট, রংপুর, রাজশাহী এবং খুলনায় গুদাম নির্মাণের পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে ঐ সকল স্থানে আঞ্চলিক কার্যালয় স্থাপিত হয়েছে, পাশাপাশি জমি বন্দোবস্ত/ক্রয় কার্যক্রম চলছে।
(চ) নিত্যপ্রয়োজনীয় পণ্যের দেশীয় চাহিদার ২০-৩০% সরবরাহের লক্ষ্যে আমদানি/স্থানীয়ভাবে ক্রয় করা।
(ছ) অপ্রচলিত দ্রব্যাদি ২০-৩০% টিসিবি'র মাধ্যমে রপ্তানি করা।
(জ) ভবিষ্যতে ৫,৫০০ ডিলারের জন্য ২,০০,০০০ মেঃ টন পণ্য ধারণ ক্ষমতার গুদাম নির্মাণ করার পরিকল্পণা রয়েছে। সাধারণ মানুষের প্রত্যাশা পূরণের লক্ষ্যেই বর্তমান গণতান্ত্রিক সরকার টিসিবিকে সক্রিয় ও শক্তিশালী করার পদক্ষেপ গ্রহণ করেছে। উপরের তথ্যসমূহ থেকে এটা সুস্পষ্ট যে, এই ধারা অব্যাহত থাকলে অদূর ভবিষ্যতে টিসিবি সকলের প্রত্যাশা পূরণে সক্ষম হবে।

## ৩। পণ্য সংগ্রহ পরিকল্পনাঃ

স্থানীয়ভাবে পণ্যের চাহিদা, উৎপাদন, আমদানি ও টিসিবি'র অতীত অভিজ্ঞতাসহ সার্বিক বিষয় বিবেচনা করে ২০১৬-১৭ সালে ৫,০০০ মেঃ টন চিনি, ২,৫০০ মেঃ টন ভোজ্য তেল, ৩,৫০০ মেঃ টন মশুর ডাল, ৫০০ মেঃ টন ছোলা,২,০০০ মেঃ টন খেজুর, ৫০০ মেঃ টন পেঁয়াজ, ২০০ মেঃ টন আদা এবং ৩০০ মেঃ টন রসুন সংগ্রহের পরিকল্পনা করা হয়। সংগৃহীত পণ্যের মধ্যে আপদকালীন ১,০০০ মেঃ টন চিনি, ১,০০০ মেঃ টন মশুর ডাল ও ১,০০০ মেঃ টন ভোজ্য তেল মজুদ রাখা হবে। অন্যান্য পণ্য সারা বছরই বিক্রয় করার পরিকল্পনা থাকলেও শুধুমাত্র রমজান মাসকে বিবেচনায় এনে ছোলা ও খেঁজুর বিক্রয় করা হয়।

## ৪। ভর্তুকি প্রদানঃ

নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার নিয়ন্ত্রণ ও সহনীয় পর্যায়ে রাখার স্বার্থে সরকার কর্তৃক ঘোষিত টিসিবিকে শক্তিশালীকরণ ও সহায়তা প্রদান কর্মসূচির অংশ হিসেবে ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য ট্রেড গ্যাপ পূরণের লক্ষ্যে সর্বমোট ৫,৯৯,১১,০১৮.৩২ (পাঁচ কোটি নিরানব্বই লক্ষ এগার হাজার আঠার দশমিক তিন দুই) টাকা মাত্র ভর্তুকি চাওয়া হয়েছে। উল্লেখ্য, ২০১০-১১ অর্থ বছর হতে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত সরকার কর্তৃক টিসিবিকে সর্বমোট ৩৭৫,৯৯,৭৫,৭৬৮.০০ (তিন শত পঁচাত্তর কোটি নিরানব্বই লক্ষ পঁচাত্তর হাজার সাতশত আটষট্টি) টাকা মাত্র ভর্তুকি প্রদান করা হয়েছে।

## ৫। পণ্য ক্রয়ের ক্ষেত্রে অগ্রিম আয়কর কর্তন হতে অব্যাহতিঃ

আন্তর্জাতিক বাজারের তুলনায় স্থানীয় বাজারে পণ্য মূল্য কম থাকার কারণে এবং দ্রুত পণ্য সংগ্রহের লক্ষ্যে স্থানীয়ভাবে পণ্য ক্রয় করা হয়ে থাকে। বেসরকারি ব্যবসায়ীগণকে পণ্য ক্রয়ের সময়ে তার সরবরাহকারীর বিলের উপর অগ্রিম আয়কর ও ভ্যাট কর্তন করতে না হলেও টিসিবি'র পণ্য সরবরাহকারীর বিলের উপর ৫% অগ্রিম আয়কর ও ৪% মূসক কর্তন করতে হয়। তবে ৩৮,০০০ (আটত্রিশ হাজার) মেঃ টন চিনি, ৩৮,০০০ (আটত্রিশ হাজার) মেঃ টন পাম অয়েল/সয়াবিন, ১০,০০০ (দশ হাজার) মেঃ টন মশুর ডাল, ৭৫০( সাতশত পঞ্চাশ) মেঃ টন ছোলা ক্রয়ের জন্য চলতি বছরের জন্য মূসক কর্তনে টিসিবিকে অব্যাহতি দেয়া হয়েছে। তবে অগ্রিম আয়কর কর্তন হতে অব্যাহতি দেয়া হয়নি। তাই সরবরাহকারী টিসিবিকে পণ্য সরবরাহের সময় পণ্যের মূল্যের উপর ৫% মূল্য যোগ করে। ফলশ্রুতিতে, পণ্য মূল্য বাজার দরের চেয়ে বেশি পড়ে যা শেষ পর্যন্ত ক্রেতার উপর বর্তায় এবং টিসিবি'র কমমূল্যে পণ্য বিক্রয়ের লক্ষ্যকে বাধাগ্রস্থ করে। উল্লেখ্য যে, বিগত রমজানের পূর্বের রমজান মাস উপলক্ষ্যে টিসিবি কর্তৃক পণ্য ক্রয় করার ক্ষেত্রে অগ্রিম আয়কর কর্তন হতে ২১ সেপ্টেম্বর, ২০০৯ পর্যন্ত অব্যাহতি প্রদান করা হয়েছিল। বর্তমানে টিসিবি'র পণ্য ক্রয়ের ক্ষেত্রে সরবরাহকারীর বিলের উপর অগ্রিম আয়কর কর্তন করা থেকে অব্যাহতি চাওয়া হলেও অদ্যাবধি কোন নির্দেশনা পাওয়া যায়নি।

## ৬। ডিজিটালাইজেশনঃ

২০১০-২০১১ অর্থ বছর হতে ডিলারদের পণ্য বরাদ্দ সংক্রান্ত তথ্য ডাকে চিঠি প্রেরণের পাশাপাশি মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হয়। সফটওয়্যার এর মাধ্যমে হিসাব সংক্রান্ত বেশীরভাগ কার্যক্রম সম্পন্ন করা হয়। আঞ্চলিক কার্যালয়গুলোতে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। চিঠিপত্র দ্রুত ও কম খরচে আদান প্রদানের জন্য ইন্টারনেটভিত্তিক যোগাযোগ কার্যক্রম চলছে। এছাড়া ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রধান কার্যালয়ের জন্য আর্চওয়ে গেট নির্মাণ, ওয়াই ফাই সিস্টেম, ফ্রন্ট ডেস্ক, নথি ই-ফাইলিং সিস্টেম চালু করা হয়েছে।

## ৭। পরিচালনা পর্ষদ (২০১৬-২০১৭)

চেয়ারম্যান
ব্রিগেডিয়ার জেনারেল আবু সালেহ্ মোঃ গোলাম আম্বিয়া

খন্দকার ফাতেমা বেগম
যুগ্ম সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
ও
পরিচালক, টিসিবি পরিচালনা পর্ষদ

মোছাঃ কামরুন্নাহার
যুগ্ম সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
ও
পরিচালক, টিসিবি পরিচালনা পর্ষদ

জনাব মোঃ রবি-উর-রেজা সিদ্দিকী
পরিচালক, টিসিবি
(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্ম-সচিব)

জনাব অনল চন্দ্র দাস
পরিচালক, টিসিবি
(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্ম-সচিব)

## ৭.১ সচিব ও প্রধান কর্মকর্তাবৃন্দঃ

জনাব আশরাফুজ্জামান
সচিব, টিসিবি
(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপ-সচিব)

জনাব মোঃ শাহাবুদ্দিন
প্রধান কর্মকর্তা (সিএমএস ও বিওবি)
(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপ-সচিব)

জনাব মোঃ কামাল আনোয়ার
প্রধান কর্মকর্তা (অর্থ ও হিসাব)
(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপ-সচিব)

জনাব কাজী মুহাম্মাদ ইফতেখার হোসেন
প্রধান কর্মকর্তা
টিসিবি, আঞ্চলিক কার্যালয়, ঢাকা

জনাব মোঃ আক্তার হোসেন
প্রধান কর্মকর্তা (বাণিজ্যিক)
টিসিবি প্রধান কার্যালয়, ঢাকা

## ৭.২ টিসিবি'র অনুমোদিত জনবল অবকাঠামো-২৭৫

**চেয়ারম্যান-৭**

১× চেয়ারম্যান
১ ×পিএস (ডিএসই)
১ ×সাঃ লি-কাম- কঃ অপাঃ
১×সাঃমুঃ-কাম-কঃ অপাঃ
১× গাড়ী চালক
২× এম এল এস এস

**পরিচালক (প্রশাসন ও অর্থ বিভাগ-৮৪**

**পরিচালক শাখা-৪**

১×পরিচালক
১×সাঁট লিপিকার-কাম-কম্পিঃ অপাঃ
১×গাড়ী চালক
১×এম এল এস এস

**সাচিবিক অনুবিভাগ-৬৫**
**(প্রশাসন ও সংস্থাপন)**

১× সচিব ০৩
১ × সাঁট লিপিঃ কাম কঃ অপাঃ
১ × এম এল এস এস

**প্রশাসন অধিশাখা-৪০**
**ক্রয়, পরিবহন,নিরাপত্তা ও ৪র্থ শ্রেণি কর্মচারীদের পরিচালনা।**

১× উপ-সচিব(এসই)
১×এই
২×কম্পিউটার অপারেটর
১×সাঃমুঃকাম কম্পিঃঅপাঃ
২×নিরাপত্তা পরিদর্শক
১×অঃসহঃকামঃকম্পিঃঅপাঃ
৯×গাড়ী চালক
১×টেলিফোন অপারেটর
১×টেলেক্স/ফ্যাক্স অপাঃ
১×ফটোমেশিন অপারেটর
১×মটর মেকানিক
২×ডাকরাইডার
১×গ্রহণ ও প্রেরণ সহকারী
২× লিফট অপারেটর
২×এমএলএসএস
৬× নিরাপত্তা প্রহরী
১×মালি
২×ক্লিনার
৩×সুইপার

**সংস্থাপন শাখা-৭**
**(পর্ষদ ও চাকুরী**

১. উপ-সচিব (এস ই)
১ . ডিএসই
১ . এই
১. কম্পিউটার অপারেটর
১ . সাঃমুঃ কাম কঃ অপাঃ
১ .অঃ সহঃ কাম কঃ অপাঃ
১ .এম এল এস এস

**প্রকৌশল শাখা-০৭**

১× নির্বাহী প্রকৌশলী
১× সহকারী প্রকৌশলী
১× উপ-সহকারী প্রকৌশলী
১ × সাঁট মুদ্রাঃ কাম কম্পিঃঅপাঃ
১ × ইলেকট্রিশিয়ান
১ × পস্নাম্বার
১ × এমএলএসএস

**কম্পিউটার শাখা-২**

১× প্রোগ্রামার(এই)
১× সাঃমুঃ কাম কম্পিঃ অপাঃ

**আইন শাখা-০৪**

১× ডিএস ই
১×এই
১×সাঃমুঃ কাম কঃ অপাঃ

**জনসংযোগ ও প্রটোকল শাখা-২**

১× এই
১ ×অঃ সহঃ কাম কম্পিঃ অপাঃ

**অর্থ ও হিসাব অনুবিভাগ-১৫**

১× প্রধান কর্মকর্তা
১ × সাঁট লিপিঃ কাম কঃঅপাঃ
১× এল এলএসএস

**হিসাব অধিশাখা-১=৭**
**(বেতন ও ব্যাংকিং- প্রাইসিং- বীমা**

১× এসই
১ ×ডিএসই
১×এ ই
১× সাঃমু কাম কঃ অপাঃ
১× ক্যাশিয়ার
১ × অঃ কাম কম্পিঃ অপাঃ
১× এম এল এস এস

**হিসাব অধিশাখা-২=৫**
**হিসাব, নিরীক্ষা, ও বাজেট এলসি**

১ এস ই
১ ডিএসই
১কম্পিউটার অপারেটর
১সাঃ মুদ্রাঃ কাম কম্পিঃ অপাঃ
১ অঃসহঃ কাম কঃ অপাঃ

**আঞ্চলিক কার্যালয় ঢাকা- ২৬**

১× প্রধান কর্মকর্তা- ৩
১× সাটঃ লিপিঃ কামঃ কম্পিঃ অপাঃ
১× এম এল এস এস

১× এস ই-২
১× সাঃ মুঃ কাম কম্পিঃ অপাঃ
১× এম এল এস এস

**সংস্থাপন ও প্রশাসন-৮**

১ ×ডি এস ই
১ ×কম্পিউটার অপারেটর
১ ×অঃসঃ কাম কম্পিঃ অপাঃ
১× এম এল এস এস
১ ×নিরাপত্তা প্রহরী
১×সুইপার

**অর্থ ও হিসাব-২**

১এ ই
১ কম্পিউটার অপাঃ

**খালাস, সংরক্ষ ও বিক্রয়-**

১× ডিএসই
১×এ ই
১ × নিরাত্তা পরিদর্শক
১× সঃ ও বিঃ সহঃ
১ × জেটি সুপার ভাইজার
৩× নিরাপত্তা প্রহরী

**আঞ্চলিক কার্যালয় চট্টগ্রাম-৩৬**

১. প্রধান কর্মকর্তা-৩
১ .সাট লিপিঃ কাম কম্পিঃ অপাঃ
১. এম এল এস এস

১. এস, ই-৩
১ .সাঃ মুদ্রাঃ কাম কম্পিঃ অপাঃ
১. এম এল এস এস

১. এস, ই-৩
১ .সাঃমুঃ কাম কঃ অপাঃ
১. এম এল এস এস

**সংস্থা ও প্রশাঃ শাখা-১০**


১× ডিএস ই
১×এ ই
১ ×কম্পিউটার অপাঃ
১× গাড়ী চালক
৩ ×নিরাপত্ত প্রহরী
১× কুক
১ × ক্লিনার
১× সুইপার

**অর্থ হিসাব-০৩**

১ × এই (হিঃ রঃ কর্মকর্তা)
১ × এ,ই
১ × সাঃমুঃ কাম কঃঅঃ
১ × ক্যাশিয়ার

**খালাস, সংরক্ষণ ও বিক্রয় শাখা-১০**

১ × ডিএসই
১× এই
১× কম্পিউটার অপারেটর
১× নিরাপত্তা প্রহরী
১× সঃ ও বিঃ সহঃ
৩× জেটি সুপারভাইজার
১× এমএলএসএস
১× নিরাপত্তা প্রহরী


পরিচালক( বাণিজ্যিক বিভাগ)-২৩
পরিচালক শাখা-০৪
১ . পরিচালক
১. সাঃ লিপিঃ কামঃ কম্পিঃ অপাঃ
১. গাড়ী চালক
১.এম এল এস এস
বাণিজ্যিক অনুবিভাগ-১৯
১× প্রধান কর্মকর্তা- ৩
১× সাঃ লিঃ কামঃ কঃ অপাঃ
১× এম এল এস এস
১× এস ই
১× ডি এস ই
১× এ, ই
১× কম্পিউটার অপারেটর
১× সাঃমু কাম কম্পি অপাঃ
১× অঃসঃ কামঃ কঃঅপাঃ
১ × এম এল এস এস
বাজার তথ্য শাখা
১× এ ই
১×কম্পিউটার অপারেটর
১× সাঃমু কাম কম্পি অপাঃ
৫× অঃ সহঃ কাম কম্পিঃ অপাঃ
পরিচালক ( সিএমএস ও বিওবি বিভাগ)-১৬
পরিচালক শাখা-০৪
১ × পরিচালক
১× সাঃ লিপিঃ কামঃ কম্পিঃ অপাঃ
১× গাড়ী চালক
১×এম এল এস এস
আঞ্চলিক কার্যালয়
সিএমএস ও বিওবি বিভাগ
১× প্রধান কর্মকর্তা- ৩
১× সাঃ লিঃ কামঃ কঃ অপাঃ
১× এম এল এস এস
১×এসই(পরিদর্শন)
১× সাঃমু কাম কম্পি অপাঃ
১× এম এল এস এস
১×এস ই(সিএমএস ও বিওবি-০৩)
১× সাঃমু কাম কম্পি অপাঃ
১× এম এল এস এস
সিএমএস শাখা-০৫
১. ডিএস ই
১. এ ই
১. কম্পিউটার অপারেটর
১. অঃসঃ কাম কম্পিঃ অপাঃ
১ . এম এল এস এস
বিওবি শাখা-০৫
১. ডিএস ই
১. এ ই
১. কম্পিউটার অপারেটর
১. অঃসঃ কাম কম্পিঃ অপাঃ
১ . এম এল এস এস
আঞ্চলিক কার্যালয় খুলনা-২৮
১× প্রধান কর্মকর্তা- ৩
১× সাঃ লিপিঃ কামঃ কম্পিঃ অপাঃ
১× এম এল এস এস
১× এস ই-৩
১× সাঃ মু কাম কম্পি অপাঃ
১× এম এল এস এস
১× ডিএসই
১× ডিএসই
সংস্থাপন ও প্রশাসন-৮
১ × এ ই
১× কম্পিঃ অপাঃ
১× অঃসঃ কাম কঃ অপাঃ
৩ × নিরাপত্তা প্রহরী
১ × ক্লিনার
১× সুইপার
অর্থ ও হিসাব-০২
১× এ ই
১× কঃ অপাঃ
খালাস, সংরক্ষন ও বিক্রয়-১০
১× এ ই
১× কম্পিউটার অপারেটর
১× নিরাপত্তা পরিদর্শক
২× সঃ ও বিঃ সহঃ
২× জেটি সুপারভাইজার
১× এম এল এস এস
২× নিরাপত্তা প্রহরী
আঞ্চলিক কার্যালয়, রাজশাহী-১৮
১× এস ই-৩
১× সাঃ মু কাম কম্পি অপাঃ
১× এম এল এস এস
সংস্থাপন, প্রশাসন ও অর্থ-৪
১ × এস ই
১× কম্পিঃ অপারেটর
১ × অঃসঃ কাম কম্পিঃ অপাঃ
১ × সুইপার
খালাস, সংরক্ষন ও বিক্রয়-১১
১× ডি এস ই
১ × এ, ই
১× কম্পিঃ অপারেটর
১× নিরাপত্তা প্রহরী
১× সঃ ও বিক্রয় সহকারী
১× এম এল এস এস
১ × নিরাপত্তা প্রহরী
আঞ্চলিক কার্যালয় সিলেট-১০
১×এস ই
১ ×ডিএস ই
১×এ ই
১×কম্পিউটার অপারেটর
১ ×অঃসঃ কাম কম্পিঃ অপাঃ
১× সঃ ও বিঃ সহঃ
১× জেটি সুপার ভাইজার
১×এম এল এস এস
২× নিরাপত্তা প্রহরী
আঞ্চলিক কার্যালয়, বরিশাল-১০
১×এস ই
১ ×ডিএস ই
১×এ ই
১×কম্পিউটার অপারেটর
১ ×অঃসঃ কাম কম্পিঃ অপাঃ
১× সঃ ও বিঃ সহঃ
১× জেটি সুপার ভাইজার
১×এম এল এস এস
২× নিরাপত্তা প্রহরী
আঞ্চলিক কার্যালয়, রংপুর-১০
১×এস ই
১ ×ডিএস ই
১×এ ই
১×কম্পিউটার অপারেটর
১ ×অঃসঃ কাম কম্পিঃ অপাঃ
১× সঃ ও বিঃ সহঃ
১× জেটি সুপার ভাইজার
১×এম এল এস এস
২× নিরাপত্তা প্রহরী

৭.৩ অনুমোদিত ও কর্মরত জনবল (২০১৬-২০১৭)

| শ্রেণি | অনুমোদিত পদ (জন) | কর্মরত সংখ্যা (জন) | বর্তমানে শূন্য পদ (জন) |
|---|---|---|---|
| প্রথম শ্রেণি | ৭০ | ২৬ | ৪৪ |
| দ্বিতীয় শ্রেণি | ০১ | ০১ | - |
| তৃতীয় শ্রেণি | ১০১ | ৬৭ | ৩৪ |
| চতুর্থ শ্রেণি | ১০৩ | ৩০ | ৭৩ |
| মোটঃ | ২৭৫ | ১২৪ | ১৫১ |

৭.৪ কার্যালয় ভিত্তিক কর্মরত জনবল (২০১৬-২০১৭):

| কার্যালয়ের নাম | প্রথম ও দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা | ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী | ৪র্থ শ্রেণির কর্মচারী (কানামনা) | মোট কর্মরত জনবল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| প্রধান কার্যালয়,ঢাকা | ১৯ (প্রেষণে ৬ জন সহ) | ৫৫ | ৩০ | ১০৪ |
| আঞ্চলিক কার্যালয়, ঢাকা | ১ | ১২ | ৯ | ২২ |
| আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম | ১ | ৭ | ৫ | ১৩ |
| আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | ১ | ৫ | ৩ | ৯ |
| আঞ্চলিক কার্যালয়, খুলনা | ১ | ৭ | ৫ | ১৩ |
| আঞ্চলিক কার্যালয়, বরিশাল | ১ | ৪ | ৪ | ৯ |
| আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার | ১ | ২ | ৩ | ৬ |
| আঞ্চলিক কার্যালয়, রংপুর | ১ | ৩ | ৪ | ৮ |
| ক্যাম্প অফিস, ময়মনসিংহ | ১ | ২ | ৩ | ৬ |
| সর্বমোট | ২৭ | ৯৭ | ৬৬ | ১৯০ |

৭.৫ বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত তথ্যাদি ( জুন'২০১৭):

| ক্রমিক নং | আদালতের নাম | মামলার সংখ্যা | | | ২০১৬-২০১৭ বছরে নিষ্পত্তি | অনিস্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | পূর্বের জের ২০১৫-১৬ | নতুন দায়েরকৃত মামলা ২০১৬-২০১৭ | মোট | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১। | মহামান্য সুপ্রীম কোর্ট (আপীল বিভাগ) | ৩ | ১ | ৪ | ১ | ৩ | |
| ০২। | মহামান্য সুপ্রীম কোর্ট (হাইকোর্ট বিভাগ) | ৩৯ | ২ | ৪১ | ২ | ৩৯ | |
| ০৩। | বিজ্ঞ জেলা জজ ঢাকা/চট্টগ্রাম/খুলনা | ৩৪ | ২ | ৩৬ | ২ | ৩৪ | |
| ০৪। | আরবিট্রেশন প্রসিডিংস | ৪ | ১ | ৫ | ১ | ৪ | |
| | | ৮০ | - | ৮৬ | | ৮০ | |

# প্রকৌশল বিভাগ

৮। প্রকৌশল শাখাঃ

৮.১ টিসিবির স্থাবর সম্পত্তির ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক বিবরণীঃ

| ক্রমিক নং | স্থাবর সম্পদের নাম/জমির অবস্থান | জমির পরিমাণ | জমি ক্রয়ের তারিখ | জমির ক্রয় মূল্য (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | টিসিবি প্রধান কার্যালয় ভবন, ১ নং কাওরান বাজার, ঢাকা। | ১.৮৫ বিঘা | ২০-০১-১৯৭৭ | ২৭১.০০ | মূল দলিল প্রধান কার্যালয়ের প্রশাসন শাখায় রক্ষিত আছে। |
| ০২ | টিসিবি আঞ্চলিক কার্যালয়, বন্দরটিলা, সিইপিজেড, চট্টগ্রাম। | ২৫.৬২ বিঘা | ০৫-১০-১৯৮৭ | ৬৯৪.০০ | মূল দলিল টিসিবি'র চট্টগ্রাম অফিসে রক্ষিত আছে। |
| ০৩ | টিসিবি আঞ্চলিক কার্যালয়, ২১-২২ কেডিএ বা/এ, খুলনা। | ১.০৩ বিঘা | ২৬-০৬-১৯৮০ | ৬০.০০ | মূল দলিল টিসিবি'র খুলনা অফিসে রক্ষিত আছে। |
| ০৪ | টিসিবি ঢাকা আঞ্চলিক কার্যালয়, ৫/এ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা। | ০.১৯ বিঘা | ১৪-১২-১৯৮৩ | ১৭৬.০০ | মূল দলিল প্রধান কার্যালয়ের প্রশাসন শাখায় রক্ষিত আছে। |
| ০৫ | ৩৪৪/সি, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা। | ১.০০ বিঘা | ২৭-০৬-১৯৮৪ | ১২০.০০ | -ঐ- |
| ০৬ | ২৩০, তেজগাঁও গুদাম, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা। | ৩.০০ বিঘা | ০১-০৩-১৯৮০ | ১০৬.০০ | -ঐ- |
| ০৭ | নিউদাপা গুদাম, ইদ্রাকপুর ফতুল্লা, নারায়ণগঞ্জ। | ১.৮৫ বিঘা | ১৭-০১-১৯৮৪ | ১৬০.০০ | -ঐ- |
| ০৮ | উত্তরা হাউজিং কমপ্লেক্স, প্লট নং-৮, রোড নং-৮, সেক্টর-৮, উত্তরা আবাসিক এলাকা, ঢাকা। | ৮.১৮ বিঘা | ০৭-০৩-১৯৮৩ | ২০৫.০০ | -ঐ- |
| ০৯ | টিসিবি আঞ্চলিক কার্যালয়, রংপুর। | ২.৮২ বিঘা | ৩০-০৪-২০১৩ | ২৬৫.২১ | মূল দলিল টিসিবি'র রংপুর অফিসে রক্ষিত আছে। |
| ১০ | টিসিবি আঞ্চলিক কার্যালয়, শেরপুর, মৌলভীবাজার। | ৪.৫৫ বিঘা | ১৪-০৮-২০১৪ | ৩৭.৩২ | মূল দলিল টিসিবি'র শেরপুর অফিসে রক্ষিত আছে। |
| | মোট জমির পরিমাণ ও টাকাঃ | ৫০.১২ বিঘা | | ২০৯৪.৫৩ | |

৮.২ টিসিবির ভবন সমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরে ভাড়া আদায়ের বার্ষিক বিবরণীঃ

| | | | |
|---|---|---|---|
| ০১ | টিসিবি প্রধান কার্যালয়, ১০ তলা বিশিষ্ট অফিস ভবন, কাওরান বাজার, ঢাকা। | ভবনের নিচ তলা হতে ১০ম তলা পর্যন্ত বিভিন্ন ফ্লোরে ২৮ টি ভাড়াটে প্রতিষ্ঠান বিদ্যমান। | ভাড়া বকেয়া নেই। |
| ০২ | টিসিবি আঞ্চলিক কার্যালয়, ৪ তলা বিশিষ্ট অফিস ভবন, বন্দরটিলা, চট্টগ্রাম। | ভবনের নিচ তলা হতে ৪ তলা পর্যন্ত বিভিন্ন ফ্লোরে ০৪টি ভাড়াটে প্রতিষ্ঠান বিদ্যমান। | ভাড়া বকেয়া নেই। |
| ০৩ | টিসিবি আঞ্চলিক কার্যালয়, ২ তলা বিশিষ্ট অফিস ভবন ২১-২২ কেডিএ বা/এ, খুলনা। | ভবনের নিচ তলা হতে ২ তলা পর্যন্ত বিভিন্ন ফ্লোরে ০৩টি ভাড়াটে প্রতিষ্ঠান বিদ্যমান। | ভাড়া বকেয়া নেই। |
| ০৪ | টিসিবি ঢাকা আঞ্চলিক কার্যালয়, ৪ তলা বিশিষ্ট অফিস ভবন, ৫/এ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা। | ভবনের নিচ তলা হতে ৪র্থ তলার মধ্যে নিচতলায় ০১টি ভাড়াটে প্রতিষ্ঠান বিদ্যমান এবং দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ তলা খালি আছে। | নিচতলার ভাড়াটে প্রতিষ্ঠানের সাথে মামলা থাকায় ভাড়া বকেয়া আছে। |

# বাণিজ্যিক বিভাগ

৯।　　আমদানি শাখাঃ

মুক্ত বাজার অর্থনীতি চালুর প্রেক্ষিতে রাষ্ট্রীয় বাণিজ্যিক সংস্থা টিসিবি'র আমদানি কার্যক্রম হ্রাস পেয়েছে। তবে দেশের প্রয়োজনে বিশেষ করে আপদকালীন সময়ে টিসিবি অত্যাবশ্যকীয় পণ্য আমদানির কার্যক্রম সম্পন্ন করে থাকে। অতীতে কতিপয় অত্যাবশ্যকীয় পণ্য সামগ্রী ও শিল্পের কাঁচামাল আমদানির মাধ্যমে সংস্থাটি শুধু বাজার মূল্যই নিয়ন্ত্রণ করেনি বরং প্রয়োজনের সময় অত্যাবশ্যকীয় পণ্য/জিনিসপত্র ন্যায্য মূল্যে সরবরাহের মাধ্যমে ক্রেতাসাধারণের দুর্দশা লাঘব এবং ক্ষুদ্র শিল্প কারখানার কাঁচামালের চাহিদা পূরণ করেছে। বর্তমানে ভোক্তাদের স্বার্থ রক্ষার্থে টিসিবি নিত্যপ্রয়োজনীয় পণ্য সামগ্রী সীমিত পরিমাণে আমদানি করছে।

আমদানি কার্যক্রমে টিসিবি পিপিএ/পিপিআর এর বিধানাবলী অনুসরণ করে থাকে। সংস্থার পরিচালনা পর্ষদের উপর ন্যাস্ত ক্ষমতাবলে এবং প্রয়োজনবোধে ক্ষেত্র বিশেষে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদন নিয়ে টিসিবি'র আমদানি সংক্রান্ত সকল সিদ্ধান্ত গৃহীত হয়ে থাকে। দীর্ঘ দিন যাবত টিসিবি একটি আমদানি ও রপ্তানিকারক প্রতিষ্ঠান হিসাবে কাজ করছে। ব্যবসা বাণিজ্য বিশ্বায়নের নতুন পটভূমিতে বাংলাদেশ সরকার মুক্ত বাজার অর্থনীতি প্রবর্তন করেছে। সে অনুযায়ী আমদানি নীতি প্রণীত হয়েছে। এরই ফলশ্রুতিতে টিসিবি'র কর্মপরিধি ব্যাপকভাবে সংকুচিত হয়েছে। ১৯৯৫ সাল হতে বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) কার্যক্রম শুরু হওয়ার পর সরকার কর্তৃক উদার বাণিজ্য নীতি চালুর প্রেক্ষিতে টিসিবি'র বাণিজ্যিক কার্যক্রম হ্রাস পেতে শুরু করে। তবে ভোক্তাদের স্বার্থ রক্ষার্থে টিসিবি প্রয়োজনীয় আমদানি কার্যক্রম চালু রেখেছে।

বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে সংস্থার আমদানি কার্যক্রম হ্রাস পেলেও দেশের কোন অত্যাবশ্যকীয় পণ্যের ঘাটতি পরিলক্ষিত হলেই টিসিবি সরকারি নির্দেশে জরুরি আমদানির মাধ্যমে বাজারে তার পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করে বাজার মূল্য স্বাভাবিক পর্যায়ে নামিয়ে আনতে প্রভাবক (catalyst) হিসাবে কাজ করে এবং জনগণের দুর্দশা লাঘবে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হয়।

সরকারের বেসরকারীকরণ নীতি এবং বাজার অর্থনীতি প্রবর্তনের অবশ্যম্ভাবী পরিণতিতে দেশব্যাপী গড়ে তোলা নেট ওয়ার্কের মাধ্যমে সমভাবে বিতরণ নিশ্চিতপূর্বক বাজার মূল্য নিয়ন্ত্রণের লক্ষ্যে টিসিবি'র কতিপয় পণ্য যেমন লবণ, চিনি, আগ্নেয়াস্ত্র, কার্তুজ, গর্জন কাঠ, কীটনাশক ঔষধ প্রভৃতি আমদানি কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট ছিল।

৯.১　　বিগত ৫(পাঁচ) বছরে টিসিবি'র আমদানির বিবরণঃ

| ক্রঃ নং | অর্থ বছর | পণ্যের নাম | উৎস | পরিমাণ (মেঃ টন/লিঃ | সিএন্ড এফ মূল্য(কোটি টাকায়) |
|---|---|---|---|---|---|
| ১. | ২০১২-২০১৩ | সয়াবিন তেল | স্থানীয় | ৪,০৯৩.৪১৪ | ৫৪.৬৯০ |
| | | ছোলা | | ৫০২.০০০ | ৩.৬৩৯ |
| | | পাম অলিন | আন্তর্জাতিক | ১,৯১৪.৬৭৮ | ১৫.৯১৫ |
| | | মশুর ডাল | | ৪,৬৪১.৪৮১ | ৩২.৮৮৮ |
| | | ছোলা | | ২,০০১.০০০ | ১১.৪৯৭ |
| | | খেজুর | | ৪৯৯.৮৩৭ | ৪.৩৫৫ |
| | | | মোট= | ১৩,৬৫২.৪১ | ১২২.৯৮৪ |
| ২. | ২০১৩-২০১৪ | চিনি | স্থানীয় | ২,৫০০.০০০ | ১০.৫২৪ |
| | | সয়াবিন তেল | | ৬৬৬.৬০৬ | ৮.৫১৩ |
| | | পেঁয়াজ | | ১,৩৪৮.৭৩৮ | ৯.২৫৬ |
| | | সয়াবিন তেল | আন্তর্জাতিক | ২,০১৪.১২৭ | ২১.৬৭০ |
| | | মশুর ডাল | | ৯৭৩.৫০০ | ১১.০৯৩ |
| | | ছোলা | | ১,৫১২.০০০ | ৬.৬০৮ |
| | | খেজুর | | ২৬.০০০ | ০.২১৪ |
| | | | মোট= | ৯,০৪০.৯৭১ | ৬৭.৮৭৮ |
| ৩. | ২০১৪-২০১৫ | চিনি | স্থানীয় | ১,০০০.০০০ | ৩.৭০০ |
| | | খেঁজুর | | ৯.৫০০ | ০.০৯৯৭ |
| | | ছোলা | আন্তর্জাতিক | ১,৫২৮.২৫০ | ৭.৪৫২ |
| | | | মোট= | ২,৫৩৮.০০০ | ১১.২৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪. | ২০১৫-২০১৬ | পেঁয়াজ | স্থানীয় | ১১১.৫৫০ | ০.৬৩২ |
| | | চিনি | | ৩,৫০০.০০০ | ১৫.১৫ |
| | | মশুর ডাল | আন্তর্জাতিক | ১৯০৫.৭৫০ | ১৬.৪৮ |
| | | ছোলা | | ১,৪২৬.০০০ | ৯.৫৪৭ |
| | | সয়াবিন তেল | স্থানীয় | ৫২৫.০০০ | ৪.৭৯ |
| | | খেজুর | | ৯.৫০০ | ০.০৯৪৯ |
| | | মোট | | ৭৪৭৭.৮০ | ৪৬.৬৯৩৯ |
| ৫. | ২০১৬-২০১৭ | চিনি | স্থানীয় | ২,০০০.০০০ | ৭.৮০ |
| | | মশুর ডাল | আন্তর্জাতিক | ২,০০১.০০০ | ১৫.০৭ |
| | | ছোলা | | ১,৯৩২.০০০ | ১২.১৫ |
| | | ভোজ্য তেল | স্থানীয় | ১,৫০০.০০০ | ১৩.০০ |
| | | খেজুর | | ১৩.০০০ | ০.১৫ |
| | | মোট | | ৭,৪৪৬.০০০ | ৪৮.১৭ |

## ১০। রপ্তানি শাখাঃ

১৯৭৩-৯২ সময়ে টিসিবি বিভিন্ন পণ্যের রপ্তানি বাণিজ্যের দ্রুত প্রসারকল্পে বহুজাতিক ব্যবসা প্রতিষ্ঠানের সংগে বেশ কিছু এসটিএ/সিটিএ স্বাক্ষর করে এবং এ প্রক্রিয়ার অধীন রপ্তানির বিপরীতে কতিপয় অত্যাবশ্যকীয় পণ্য আমদানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করতে সক্ষম হয়। ১৯৭৫ সালে বাংলাদেশ থেকে তৈরী পোষাক রপ্তানির ক্ষেত্রে টিসিবি পথিকৃতের ভূমিকা পালন করে। বর্তমানে তৈরী পোষাক দেশের প্রধান রপ্তানি পণ্যে পরিণত হয়েছে। টিসিবি'র নিজস্ব কোন রপ্তানিযোগ্য পণ্য না থাকায় পর্যায়ক্রমে সংস্থার রপ্তানির পরিমাণ হ্রাস পেয়েছে। তবুও নানা প্রতিবন্ধকতা সত্ত্বেও সংস্থার রপ্তানির উদ্যোগ অব্যাহত আছে।

টিসিবি রপ্তানি কার্যক্রম মূলতঃ নিম্নলিখিত নীতির মাধ্যমে পরিচালিত হয়ঃ

(ক) বাংলাদেশে তৈরী জিনিসপত্র ও উৎপাদিত পণ্যের নতুন নতুন বাজার খুঁজে বের করা ও অপ্রচলিত পণ্যের জন্য বাজার অনুসন্ধান;
(খ) প্রাক-জাহাজীকরণ পরিদর্শনের মাধ্যমে সঠিক গুণগতমান সম্পন্ন পণ্যের রপ্তানি নিশ্চিত করা;
(গ) নির্ধারিত জাহাজীকরণ সময়সূচী অনুযায়ী পণ্যের সরবরাহ নিশ্চিত করা।

## ১১। বাজার দর অনুসন্ধান ও গবেষণা সেলঃ

